

## প্রশ্ন ১) ফেসবুক আইডি হ্যাক হলে করণীয়?

উত্তরঃ ফেসবুক আইডি হ্যাক হলে নিচের কাজগুলো করতে হবেঃ

১. প্রথমে <http://www.facebook.com/hacked> লিংকে প্রবেশ করুন।

২. এরপর “My account is compromised” বাটনে ক্লিক করুন। হ্যাক হওয়া অ্যাকাউন্টের তথ্য চাওয়া হলে সেখানে উল্লেখ করা দুটি অপশনের (ইমেইল বা ফোন নম্বর) যে কোনো একটির ইনফরমেশন দিন।

৩. প্রদত্ত তথ্য সঠিক হলে প্রকৃত অ্যাকাউন্টটি দেখাবে এবং আপনার বর্তমান অথবা পুরাতন পাসওয়ার্ড চাইবে। এখানে আপনার পুরাতন পাসওয়ার্ডটি দিয়ে কন্টিনিউ করুন।

৪. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস পরিবর্তন না করে থাকে তবে আপনার ইমেইলে রিকভারি অপশন পাঠানো হবে। এর মাধ্যমে অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

৫. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস, ফোন নম্বরসহ লগইন করার জন্য প্রয়োজনীয় তথ্য পরিবর্তন করে থাকে তবে Need another way to authentication? -> Submit a request to Facebook এ ক্লিক করলে ফেসবুক প্রোফাইলটি উদ্ধারের জন্য প্রয়োজনীয় তথ্য ও আইডি সরবরাহের ফর্ম পূরণের মাধ্যমে হ্যাকড অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

সোশ্যাল মিডিয়া হ্যাকিংয়ের শিকার হলে আপনি স্বশরীরেও সিআইডি'র সাইবার পুলিশ সেন্টারে গিয়ে অভিযোগ জানাতে পারেন। এছাড়া যোগাযোগ করতে পারেন ০১৭৩০৩৩৬৪৩১ নম্বরে অথবা [smmcp2018@gmail.com](mailto:smmcp2018@gmail.com) ঠিকানায় বিস্তারিত ইমেইল করতে পারেন। সর্বোপরি ফেসবুক হ্যাক হলে যত দ্রুত সম্ভব নিকটস্থ থানা পুলিশকে অবহিত করুন।

## প্রশ্ন ২) ফেসবুকের পাসওয়ার্ড ভুলে গেলে আমরা কি করব?

উত্তরঃ ফেসবুকের পাসওয়ার্ড ভুলে গেলে নতুন পাসওয়ার্ড সেট করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করব। নতুন পাসওয়ার্ড সেট করার জন্য আপনাকে forgotten password বা recovery your account লিংকে ক্লিক করতে হবে।

এরপর Password rest option সিলেক্ট করুন। এবার আপনি reset your password নামে একটি পেজ দেখতে পাবেন। এখানে আপনাকে সিলেক্ট করতে হবে verification code আপনি কিসের মাধ্যমে পেতে চান।

যদি Email ID এর মাধ্যমে verification code পেতে চান তাহলে send code via email সিলেক্ট করুন। আর যদি Mobile SMS এর মাধ্যমে পেতে চান তাহলে Send code via SMS সিলেক্ট করুন। আপনার কাছে যেটা

সহজ মনে হয় সেটা সিলেক্ট করুন।যেটাতে আপনি কোডটি পেতে চান সেটা সিলেক্ট করে নিচে থাকা Continue বাটুনে ক্লিক করুন।

Security বা Verification কোড কপি করুন। Continue বাটুনে ক্লিক করার পরে ফেসবুক এর থেকে ৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড পাঠানো হয়েছে আপনার ইমেইল একাউন্টে বা মোবাইল নম্বারে। আপনি সেই ৬ ডিজিটের কোডটি কপি করে নিন।

Verification কোড দিন। ফেসবুক থেকে আপনাকে যে ৬ ডিজিটের Verification code মোবাইল নম্বারে বা ইমেইল একাউন্টে সেটা enter security code অপশনে বসিয়ে নিচে থাকা Continue বাটুনে ক্লিক করুন।

New Password সেট করুন। Verification কোড সঠিক ভাবে দেওয়ার পরে আপনাকে পরের পেজে আপনাকে new password সেট করার জন্য বলা হবে। সেখানে আপনি নতুন পাসওয়ার্ড লিখে Continue বাটুনে ক্লিক করুন। স্বাগতম আপনার আপনার পুরোনো পাসওয়ার্ড চেঞ্জ হয়ে গেছে। এবার আপনি ফেসবুকে লগইন করার সময় নতুন পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করবেন।